

রাকসু নির্বাচন পেছানোর দাবি ছাত্রদলের

রাবি সংবাদদাতা

প্রকাশ : ২২ সেপ্টেম্বর ২০২৫, ১৩:৫১



সাংবাদিকদের সঙ্গে কথা বলছে ভিপি প্রার্থী শেখ নুর উদ্দিন আবীর। ছবি: ইত্তেফাক

রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) ক্যাম্পাসে শিক্ষক লাঞ্ছিতের ঘটনায় চলছে কমপ্লিট শাটডাউন। এমন পরিস্থিতিতে আসন্ন রাকসু নির্বাচন পেছানোর দাবি জানিয়েছেন ছাত্রদল সমর্থিত প্যানেলের ভিপি প্রার্থী শেখ নুর উদ্দিন আবীর। আসন্ন দুর্গাপূজার পরে রাকসু নির্বাচন অনুষ্ঠানের দাবি জানিয়েছেন তিনি।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

সোমবার (২২ সেপ্টেম্বর) দুপুরে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান।

শেখ নুর উদ্দিন আবীর বলেন, পোষ্য কোটা ইস্যু এবং শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের কমপ্লিট শাটডাউনের মধ্যে ক্যাম্পাসে শিক্ষার্থীরা একেবারেই নেই। অধিকাংশ শিক্ষার্থী বাড়ি চলে গেছে। এমন পরিস্থিতিতে আসন্ন রাকসু নির্বাচন ২৫ সেপ্টেম্বর সুষ্ঠু এবং গণতান্ত্রিক উপায়ে সম্ভব নয়। উৎসবমুখর ও গ্রহণযোগ্য করতে পূজার পর নির্বাচন অনুষ্ঠানের দাবি জানাচ্ছি।

৩৫ বছর পর আগামী ২৫ সেপ্টেম্বর বহু প্রতীক্ষিত রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (রাকসু) নির্বাচন হওয়ার কথা রয়েছে।

ডাকসু ও জাকসু নির্বাচনে ভরাডুবির পর এবার রাকসুকে ঘিরে মরিয়া হয়ে মাঠে নেমেছে ছাত্রদল। কৌশলী প্যানেলের পাশাপাশি ভিন্ন ধাঁচের প্রচারণাতেও সাধারণ শিক্ষার্থীদের আকৃষ্ট করার প্রাণপণ চেষ্টা চালিয়ে যাচ্ছে সংগঠনটির নেতাকর্মীরা।

এর আগে গত ৭ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে রাকসুর ২৩টি পদে পূর্ণাঙ্গ প্যানেল ঘোষণা করে ছাত্রদল। এতে ছাত্রদলের ‘নির্যাতিত’ ও ‘ক্লিন ইমেজের’ নেতাকর্মীদের সামনে রাখা হয়েছে। সংগঠনের নেতা-কর্মীদের বাইরেও জাতীয় দলের ফটবলার রাজশাহী ফটবল দলের গোলকিপার পঞ্চম বার্মের শিক্ষার্থী, ব্যান্ডের প্রতিষ্ঠাতা, ডিনস পুরস্কারজয়ী শিক্ষার্থীরা প্যানেলে জায়গা পেয়েছেন। শীর্ষ তিন